**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 1↵-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরীর বলেছেন, রাজ্যে এলপিজি, পেট্রোল সহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রীর সরবরাহ অক্ষুন্ন রয়েছে।**

**(২) কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে আজ কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য ২ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান ও ২০২৮ সালের মার্চ মাস পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা চালু রাখার সিদ্ধান্ত নেওয়া হয় |**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত সাড়ে ৮টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন।**

**(৪) আগামীকাল থেকে শুরু হচ্ছে এবছরের চারধাম যাত্রা |**

*********************************************************

**Food-Review Meeting:**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরীর বলেছেন, রাজ্যে এলপিজি, পেট্রোল সহ বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রীর সরবরাহ অক্ষুন্ন রয়েছে। গণবণ্টন ব্যবস্থা সঠিক রাখতে এবং বিভিন্ন নিত্য প্রয়োজনীয় জিনিসের কালোবাজারি রুখতে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নিয়েছে। আজ সচিবালয়ের খাদ্য দপ্তরের এক পর্যালোচনা সভায় তিনি একথা বলেন| তিনি বলেন, রাজ্য সরকার মানুষের সেবায় নিত্য প্রয়োজনীয় জিনিসগুলি গণবণ্টন ব্যবস্থার মাধ্যমে যাতে সর্বদা বন্টন করা যায় সে বিষয়ে সব সময় সতর্ক রয়েছে।

সভায় খাদ্য দপ্তরের অতিরিক্ত সচিব ও অধিকর্তা সুমিত লোধ রাজ্যে বর্তমানে চালের মজুত, এলপিজি গ্যাসের মজুত ও সরবরাহ, সরকারি ন্যায্য মূল্যের

দোকানগুলিতে বিভিন্ন নিত্যপ্রয়োজনীয় জিনিসের সরবরাহ, প্রতিটি ন্যায্য মূল্যের দোকানগুলিতে ও খাদ্য গুদামগুলিতে ভ্যারিফিকেশন সহ রেশনকার্ড সম্পর্কে নানা তথ্য তুলে ধরেন।

*******************************

**Cabinet-DA-1:**

কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে আজ কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য ২ শতাংশ মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়| পাশাপাশি, পেনশনভোগীদের জন্য ২ শতাংশ মহার্ঘ ত্রাণ প্রদানেরও সিদ্ধান্ত নেওয়া হয়| এই সিদ্ধান্ত কার্যকর হবে চলতি বছরের ১লা জানুয়ারি থেকে| তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো এখবর জানিয়েছেন| তিনি জানান, এরফলে ৫0 লক্ষেরও বেশি কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং ৬৮ লক্ষেরও বেশি পেনশনভোগী উপকৃত হবেন। কেন্দ্রীয় মন্ত্রীসভা বৈঠকে নিরবচ্ছিন্ন সামুদ্রিক বীমা সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে, ‘ভারত মেরিটাইম ইন্স্যুরেন্স পুল’ নামে একটি দেশীয় বীমা তহবিল গঠনের অনুমোদন দেওয়া হয়েছে|

*******************************

**Cabinet-DA-2:**

শ্রী বৈষ্ণো আরও বলেন, কেন্দ্রীয় মন্ত্রীসভা ২০২৮ সালের মার্চ মাস পর্যন্ত প্রধানমন্ত্রীগ্রাম সড়ক যোজনা চালু রাখার অনুমোদন দিয়েছে। এই প্রকল্পের জন্য সংশোধিত বরাদ্দ ধরা হয়েছে ৮৩ হাজার ৯৭৭ কোটি টাকা।

*******************************

**ADC:**

তিপরা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যোৎ কিশোর দেববর্মা আজ আগরতলায় লোকভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সাক্ষাৎ করেন| এডিসি

নির্বাচনে তিপরা মথা দলের জয় এবং এডিসিতে নতুন কার্যকরী কমিটি গঠনের বিষয়ে শ্রী দেববর্মা রাজ্যপালের সঙ্গে আলোচনা করেন। উপস্থিত ছিলেন রাজ্য মন্ত্রীসভার সদস্য বৃষকেতু দেববর্মা, এডিসি'র মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া প্রমুখ।

******************************

## ICP:

আগরতলার আখাউড়া সীমান্তে ইন্টিগ্রেটেড চেক পোস্টে বিএসএফ ও বিজিবি-র যৌথ রিট্রিট অনুষ্ঠান নতুন সময়সূচি অনুযায়ী আজ বিকেল সাড়ে চারটা থেকে শুরু হয়।এর আগে এই অনুষ্ঠান বিকেল ৪টা থেকে শুরু হতো। পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের অফিস সুত্রে এখবর  জানা গেছে।

******************************

## World-Heritage Day:

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ দেশজুড়ে বিশ্ব হেরিটেজ দিবস পালিত হচ্ছে। প্রাচীন, ঐতিহাসিক ও বিগত দিনের ঐতিহ্যবাহী স্থান, ভবন, স্মৃতি স্তম্ভ, মিনার যা ঐতিহ্যের সাক্ষী বহন করে, সেই সম্পর্কে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি ভবিষ্যৎ প্রজন্মের জন্য হেরিটেজ সংরক্ষণ ও হেরিটেজ সম্পর্কে সচেতনতার প্রসার ঘটানোই দিনটি পালনের মূল লক্ষ্য। উল্লেখ্য, ১৯৮৩ সালে ইউনেস্কোর সাধারণ সভায় ১৮ এপ্রিল দিনটি বিশ্ব হেরিটেজ দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করা হয়।

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এই উপলক্ষ্যে এক বার্তায় জানান, ভারতের মাটির ঐতিহাসিক সম্পদ, স্থাপত্যের নিদর্শন এবং সাংস্কৃতিক বৈচিত্র্য গৌরবময় ঐতিহ্যের পরিচয় বহন করে।

******************************

**Health Awareness:**

চলতি গ্ৰীষ্ম ঋতু'তে জনস্বাস্থ্য রক্ষায় করণীয় বিষয়ে জনচেতনায় ঊনকোটি জেলাতে বিবিধ সচেতনতাধর্মী প্রচার চালাচ্ছে স্বাস্থ্য দপ্তর। প্রখর সূর্যকিরণ ও গ্ৰীষ্মের প্রবল খরতাপের প্রভাব পড়ছে জনজীবনে। গরমে রোগ-ব্যাধি সংক্রমণ যাতে না হয় এবং জনস্বাস্থ্য ঠিক রাখতে আশাকর্মী, মাঠ পর্যায়ের স্বাস্থ্যকর্মীরা নানাস্থানে স্বাস্থ্য সংক্রান্ত প্রচার করছেন। জল ও তরল পদার্থ পর্যাপ্ত পান করা, হালকা পোষাক পরা, মশলাদার খাবার এড়িয়ে চলা, ডাল, লাউ, শশার মতো সহজপাচ্য খাবার খাওয়া ইত্যাদি বিষয়ে জনগণ'কে অবহিত করা হচ্ছে।

ঊনকোটি জেলার C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা আজ এক একান্ত সাক্ষাৎকারে আকাশবাণী'র জেলা সংবাদদাতা' অনুপম ভট্টাচার্যকে জানান, চলমান রৌদ্রতাপ থেকে রক্ষা পেতে ছাতা, রোদ চশমা ব্যবহার করতে পরামর্শ দেওয়া হচ্ছে। তিনি তাপপ্রবাহের কারণে অসুস্থতা বোধ করলে নিকটবর্তী স্বাস্থ্য প্রতিষ্ঠানে যোগাযোগ করার জন্য পরামর্শ দিয়েছেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*******************************

**LS-RS-adjourned-sine-die:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাত সাড়ে ৮টায় জাতির উদ্দেশে ভাষণ দেবেন।

লোকসভা ও রাজ্যসভার অধিবেশন আজ অনির্দিষ্টকালের জন্য মুলতুবি ঘোষনা করা হয়েছে| গত ১৬ই এপ্রিল থেকে শুরু হয়েছিল সংসদের তিনদিন ব্যাপী বিশেষ অধিবেশন।

*******************************

**Chardham-Yatra:**

আগামীকাল থেকে এবছরের চারধাম যাত্রা শুরু হবে| গঙ্গোত্রী ও যমুনেত্রী মন্দির আগামীকাল পুর্ন্যার্থীদের জন্য উন্মুক্ত করা হবে| ২২ এপ্রিল কেদারনাথ ও ২৩ এপ্রিল বদ্রীনাথ মন্দির উন্মুক্ত করা হবে| গৌরিকুণ্ড থেকে কেদারনাথ মন্দির পর্যন্ত সমগ্র যাত্রা পথের ওপর কড়া নজর রাখার জন্য একটি বিশেষ কন্ট্রোল রুম স্থাপন করা হয়েছে।

*******************************

**Hajj:**

ভারত থেকে চলতি বছরের ৩৭১ জন হজ যাত্রীর প্রথম দলটি আজ দিল্লি থেকে সৌদি আরবের মক্কার উদ্দেশ্যে রওনা হয়েছে। দিল্লি হজ কমিটির চেয়ারপার্সন কৌশর জাহান জানিয়েছেন, হজ তীর্থযাত্রীদের জন্য উন্নত ও আধুনিক সুযোগ-সুবিধার ব্যবস্থা করা হয়েছে। যাত্রীদের যাতায়াত, আবাসন, খাবার, চিকিৎসা এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবার জন্য বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে, যাতে

তাঁরা স্বাচ্ছন্দ্যে হজ পালন করতে পারেন। তিনি আরও জানান, যাত্রীদের সুবিধার্থে ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা, প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষা এবং প্রশিক্ষণ কর্মসূচি চালু করা হয়েছে।

******************************

**Poshan Pakwada:**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে এক পক্ষকাল ধরে চলতে থাকা 'পোষণ পাকওয়াড়া' অষ্টম সংস্করণ-২০২৬ নিয়ে আজ দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক মোঃ সাজাদ পি এর সভাপতিত্বে আয়োজিত এই সভায় জেলার অতিরিক্ত পুলিশ সুপার সুমন মজুমদার, ৮টি ব্লকের বিডিওগণ, জেলা স্বাস্থ্য আধিকারিক ডাঃ জ্যোতির্ময় দাস, জেলা সমাজ শিক্ষা পরিদর্শক প্রবীর দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় জেলা সমাজ শিক্ষা পরিদর্শক প্রবীর দেববর্মা জানান, গত ৯ এপ্রিল এই কর্মসূচি শুরু হয়েছে চলবে আগামী ২৩ এপ্রিল পর্যন্ত। এই কর্মসূচির সুবিধা সম্পর্কে জেলায় বিশেষ প্রচারাভিযান সংঘটিত করা হচ্ছে। বিশেষ করে গর্ভবতী মহিলা এবং সদ্য মা হওয়া মহিলাদের সঠিক পুষ্টি সম্পর্কে অবহিত করা, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে পাঠরত শিশুদের হাত ধোয়ার পদ্ধতি শেখানো, অঙ্গনওয়াড়ি সেন্টারগুলিকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সহ সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার উপর গুরুত্ব আরোপ করা হচ্ছে।

সভায় জেলাশাসক 'পোষণ পাকওয়াড়া' কর্মসূচির বিভিন্ন সুবিধা প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সঠিকভাবে বাস্তবায়িত করার পাশাপাশি এর সুবিধা যাতে সাধারণ মানুষ জানতে পারেন তারজন্য এলাকাভিত্তিক প্রচারের পাশাপাশি

সামাজিক মাধ্যমেও ব্যাপক প্রচার চালানোর জন্য জেলা সমাজ শিক্ষা পরিদর্শককে নির্দেশ দেন।

******************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮00-১১-৭৮00 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন ২৪শে এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

******************************

**CP Radhakrishnan:**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, দুই দিনের সফরে আগামীকাল শ্রীলঙ্কা যাচ্ছেন। এটি হবে তার প্রথম শ্রীলঙ্কায় সফর। সফরকালে তিনি শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা কুমার দিসানায়েকের সঙ্গে সাক্ষাৎ করবেন। এছাড়াও তিনি সে দেশের প্রধানমন্ত্রী ড. হারিনি আমারাসুরিয়া এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তি ও ভারতীয় প্রবাসী প্রতিনিধিদের সঙ্গেও বৈঠক করবেন। ভারতের 'মহাসাগর দৃষ্টিভঙ্গি' এবং 'প্রতিবেশী প্রথম' নীতির ক্ষেত্রে শ্রীলঙ্কা একটি গুরুত্বপূর্ণ অংশীদার। সাম্প্রতিক উচ্চপর্যায়ের দ্বিপাক্ষিক যোগাযোগের ধারাবাহিকতায় এই সফর দুই দেশের বহু শতাব্দীপ্রাচীন জনগণের পারস্পরিক সম্পর্ককে আরও সুদৃঢ় করবে বলে মনে করা হচ্ছে।

******************************

**Weather:**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, পশ্চিম ও ঊনকোটি জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

******************************

******************************